**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 12/13/2021 **গভর্নর ক্যাথি হোকল**

## গভর্নর হোকল অলাভজনক শিল্প সংস্কৃতি খাতে পুনরুদ্ধার অগ্রসর করতে 45 মিলিয়ন মার্কিন ডলার অতি গুরুত্বপূর্ণ তহবিল ঘোষণা করলেন

## NYSCA-র তৃতীয় রাউন্ড অনুদান নিউ ইয়র্ক স্টেটের 10টি অঞ্চলের সবকয়টিতে 1,000-র বেশি সংস্থা ও 300-র বেশি শিল্পীর উপর বিনিয়োগ করবে

## NYSCA এজেন্সির প্রথম তিন রাউন্ডে 80 মিলিয়ন মার্কিন ডলারের বেশি তহবিল প্রদান করেছে।

গভর্নর ক্যাথি হোকল আজকে নিউ ইয়র্ক স্টেট শিল্প পরিষদের ( New York State Council on the Arts, NYSCA) মাধ্যমে 45 মিলিয়ন মার্কিন ডলার অনুদান ঘোষণা করলেন। এই বছর NYSCA প্রদত্ত অনুদান অলাভজনক শিল্প সংস্কৃতি সংস্থাসমূহকে এবং শিল্পীদের বলবান করতে অতি গুরুত্বপূর্ণ সহায়তা প্রদান করবে যেহেতু তারা একটি বহুমাত্রিক বহু-বছরের পুনরুদ্ধার প্রক্রিয়া শুরু করতে যাচ্ছে।

2021 সালের জুন মাসে, NYSCA স্টেটের তহবিল পাওয়ার সুযোগ বৃদ্ধি করতে একটি পুনঃকল্পিত অনুদান প্রদান প্রক্রিয়া শুরু করে যা নিউ ইয়র্ক স্টেটের বিস্তৃত ব্যাপ্তির শিল্পকে বরণ করে নেয় এবং এর ফলে এখন পর্যন্ত 2022 অর্থবছরের আবেদনের সংখ্যা প্রায় 40 শতাংশ বৃদ্ধি পেয়েছে। একটি সুবিন্যস্ত আবেদন প্রক্রিয়ার পর, এজেন্সি কোভিড-19 এর চলমান প্রভাব দ্বারা ভীষণভাবে ক্ষতিগ্রস্তদের নমনীয় তহবিল ব্যবস্থার দ্বারা সমর্থন করে যাবে।

"শিল্প আমাদের অর্থনীতির একটি অতি গুরুত্বপূর্ণ খাত, এবং যখন আমরা আরো শক্তিশালী নিউ ইয়র্ক পুনর্গঠনে কাজ করছি, তখন এই শিল্পকে পুনরায় সমৃদ্ধ করা আমাদের জন্য অত্যাবশ্যকীয়," **গভর্নর হোকল বলেন।** "এই অর্থপ্রাপ্তরা নিউ ইয়র্কের প্রাণবন্ত সম্প্রদায়ের সেরা অংশের প্রতিনিধিত্ব করে এবং এই তহবিলের সাহায্যে তারা শুধু তাদের সৃজনশীল ও প্রেরণাদায়ক কাজ চালিয়ে যেতে পারবে না, বরং তাদের নিজস্ব এলাকার পুনরুজ্জীবন প্রক্রিয়া শুরুও করতে পারবে।"

NYSCA-র তৃতীয় রাউন্ডের অনুদানের মধ্যে রয়েছে সংস্থার জন্য সমর্থন, শিল্পীর জন্য সমর্থন, বিশেষ সুযোগ, এবং পুনরুদ্ধার অনুদান। চারটি বিভাগের প্রতিটি সংস্থা ও শিল্পীদের গত দেড় বছরের বিধ্বংসী অর্থনৈতিক ক্ষতির প্রতিক্রিয়ায় তাদের পুনরুদ্ধার প্রক্রিয়া জোরদার করতে

অতি জরুরি ডলার প্রদান করে। NYSCA-র 2022 অর্থবছরের 60 শতাংশের বেশি অনুদান প্রাপকদের সংস্থাগত বাজেট 1 মিলিয়ন মার্কিন ডলার বা তার কম।

**NYSCA-র নির্বাহী পরিচালক মারা ম্যানুস বলেন,** "NYSCA গভর্নর হোকলের এবং স্টেট আইনসভার প্রতি আমাদের অত্যন্ত কৃতজ্ঞতা প্রকাশ করতে চায়, ব্যাপক অর্থনৈতিক চাহিদা ও কাঠিন্যের সময় শিল্পের জন্য তাদের প্রতিক্রিয়ামূলক 105 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগের জন্য। এই বছরের আমাদের রূপান্তরমূলক উদ্দেশ্যের মধ্যে রয়েছে আরো বেশি সুযোগ সৃষ্টি করা, নমনীয় অর্থায়ন সমাধান, এবং NYSCA তহবিলের প্রতিবন্ধকতা দূর করা। আমাদের প্রক্রিয়া পুনর্গঠনে আমাদের অসাধারণ মাঠ পর্যায়ের মতামত অতিশয় গুরুত্বপূর্ণ ছিলো। আমরা প্রত্যেক শিল্পী, সাংস্কৃতিক কর্মী, এবং সংস্থার প্রতি কৃতজ্ঞ আমাদের প্রক্রিয়ায় অংশগ্রহণ করার জন্য যেহেতু NYSCA আজকের ও আগামীর সমস্যা সমাধানে বিবর্তিত হওয়া অব্যাহত রেখেছে।"

**NYSCA সভাপতি ক্যাথরিন নিকোলস বলেন,** "পরিষদ পুরো নিউ ইয়র্ক স্টেটে আমাদের 135 জন পেশাদার পিয়ার রিভিউ প্যানেলিস্টদের কাজের স্বীকৃতি জানাতে চায়। আমাদের অনুদান তৈরিতে তাদের অতি গুরুত্বপূর্ণ ভূমিকা NYSCA কর্মসূচির স্টুয়ার্ডশিপের এবং পরিচালনা দলের সাথে যুক্ত হয়ে পরিষদকে 1,000-র বেশি সংস্থার প্রতি সমর্থনের সুপারিশ পূরণ করতে দিয়েছে। আমরা আমাদের প্রাপকদের কাছে এই অনুদানের গুরুত্ব কতটা তা বুঝি, এবং আগামী মাসগুলিতে তাদের কাজ দেখার জন্য আমরা উন্মুখ। এই প্রাণবন্ত ও অতি জরুরি সৃজনশীল খাতটি পুরো মার্কিন যুক্তরাষ্ট্র ও বিশ্ব থেকে দর্শনার্থীদের আকর্ষণ করে, এবং আমরা নিরাপদে তাদের পুনরায় স্বাগতম জানানোর জন্য প্রস্তুত আছি।"

**তৃতীয় রাউন্ডের অর্থ প্রাপ্তদের মধ্যে রয়েছে:**
**ক্যারোগা আর্টস কালেক্টিভ (Caroga Arts Collective), মোহক ভ্যালি অঞ্চল:** তহবিল ক্যারোগা ভিত্তিক আন্তঃবিভাগীয় সংস্থাটিকে সমর্থন করবে। 2016 সালে প্রতিষ্ঠিত গ্রুপটি সাধারণত পঞ্চাশটি পারফরম্যান্স ও কমিউনিটি ইভেন্ট উপস্থাপন করে যেগুলি গুরুত্ব প্রদান করে সঙ্গীতজ্ঞ, শিল্পী, পণ্ডিত, এবং তাদের সম্প্রদায়ের মধ্যে একটি আন্তঃশিল্প সমন্বয়ের উপর। 2020 সালে ক্যারোগা আর্টসের সকল ইভেন্ট ভার্চুয়াল এবং সামাজিক দূরত্ব বজায় রেখে হয়, যার ফলে তারা তাদের সম্প্রদায়ের সাথে যোগাযোগ রাখতে পেরেছে এবং আইসোলেশনের সময় নতুন দর্শকের কাছে পৌঁছাতে পেরেছে।

**হাইতি কালচারাল এক্সচেঞ্জ (Haiti Cultural Exchange, HCX), নিউ ইয়র্ক অঞ্চল:** তহবিল এমন কর্মসূচি সমর্থন করবে যা সাধারণ জনগণের মধ্যে হাইতিয়ান সংস্কৃতির জ্ঞান ও কদর বৃদ্ধির জন্য কাজ করে, হাইতিয়ান আমেরিকানদের মধ্যে ইতিবাচক সাংস্কৃতিক পরিচয় পালন করে, এবং নিউ ইয়র্ক সিটি ও এর বাইরেও সম্প্রদায় ও নাগরিক সংযুক্তির চেতনা জাগ্রত করে। HCX-র একটি ব্রুকলিন-ভিত্তিক প্রোগ্রাম, লাকৌ NOU (Lakou NOU), হাইতিয়ান ও অভিবাসী শিল্পীদের চারটি ব্রুকলিন এলাকায় জনসাধারণের জীবনে অংশগ্রহণ করার জন্য আমন্ত্রণ জানায়, যেগুলি অনেক প্রজন্ম ধরে হাইতিয়ান ও হাইতিয়ান-আমেরিকানদের বাসস্থান।

**মা-ই ফিলিপিনো থিয়েটার অনসম্বল (Ma-Yi Filipino Theater Ensemble), নিউ ইয়র্ক সিটি অঞ্চল:** তহবিল সংস্থাটিকে সমর্থন করবে যারা এশিয়ান আমেরিকান নাট্যকারদের লেখা

নতুন নাটক কমিশন, তৈরি, ও প্রযোজনা করে। মা-ই রাইটার্স ল্যাবে সদস্য হিসেবে রয়েছে 34জন পেশাদার এশিয়ান আমেরিকান নাট্যকার এবং তারা পুরো বছরজুড়ে কর্মশালা ও পড়ার অনুষ্ঠান করে। 2020 সালে, মহামারীর শুরুর দিকে, সংস্থাটি মা-ই স্টুডিওস স্থাপন করে যারা স্ট্রিমিংয়ের জন্য অরিজিনাল ডিজিটাল কন্টেন্ট তৈরি করে।

**আর্টস কাউন্সিল ফর ওয়াইওমিং কাউন্টি (The Arts Council for Wyoming County), ফিঙ্গার লেকস অঞ্চল:** তহবিল যশ রাইসকে কেফ্যাবের (Kayfabe) পরিচালক হিসেবে কমিশন প্রদানের সুযোগ দিবে, এটি একটি বিমূর্ত আত্মজীবনীমূলক পাপেট শো, যা রোল্যান্ড বার্থেজ ও স্যামুয়েল বেকেটের দ্বারা অনুপ্রাণিত হয়েছে। এটি কল্পনা, বাস্তব ও মধ্যকার স্থান নিয়ে কাজ করে, বুনরাকু-স্টাইলের পাপেট চালানো এবং পেশাদার রেসলিংয়ের স্টাইলের লেন্স ব্যবহার করে।

**হোয়াইট পাইন প্রেস (White Pine Press), পশ্চিম নিউ ইয়র্ক অঞ্চল:** তহবিল বহু সংস্কৃতির সাহিত্যের এই অলাভজনক প্রকাশনীকে বড় প্রকাশনী প্রতিষ্ঠান দ্বারা উপেক্ষিত সাহিত্য প্রকাশের মাধ্যমে সাংস্কৃতিক সচেতনতা ও বোধগম্যতা বিকাশ ও প্রচার করতে সমর্থন করবে। হোয়াইট পাইন প্রেস উদীয়মান ও প্রতিষ্ঠিত উভয় লেখকদের সাহিত্যের বিস্তৃত ব্যাপ্তি প্রকাশ করে, যার মধ্যে রয়েছে একাধিক নোবেল বিজয়ী, এবং পুলিৎজার পুরস্কার (Pulitzer Prize), জাতীয় বই পুরস্কার (National Book Award) ও আমেরিকান বই পুরস্কার (American Book Award) বিজয়ী।

## তৃতীয় রাউন্ডের অনুদান প্রাপ্তদের একটি পূর্ণ তালিকা এখানে উপলভ্য।

NYSCA-র চতুর্থ ও সর্বশেষ রাউন্ডের তহবিল, 20 মিলিয়ন মার্কিন ডলার মূলধন প্রকল্পের জন্য আবেদন বর্তমানে গ্রহণ করা হচ্ছে। আবেদন পোর্টাল বন্ধ হবে 2022 সালের 14 জানুয়ারি। আরো তথ্য পাওয়া যাবে এখানে।

## নিউ ইয়র্ক স্টেটের শিল্প পরিষদের ব্যাপারে

নিউ ইয়র্ক স্টেট শিল্প পরিষদের সেইসব শিল্প-সংস্কৃতি সংরক্ষণ ও উন্নয়ন করে যেগুলি বসবাস, কাজ ও বেড়ানোর জন্য নিউ ইয়র্ককে একটি অনন্য স্থান করে তোলে। পরিষদ সকল নিউ ইয়র্কবাসীর শিল্প অভিজ্ঞতা লাভের অধিকার রক্ষা করে যা আমাদের সম্প্রদায়, শিক্ষা, অর্থনৈতিক বিকাশ ও জীবনযাত্রার মানে অতি জরুরি অবদান রাখে। এর কেন্দ্রীয় অনুদান প্রদান কর্মকাণ্ডের মাধ্যমে, শিল্প পরিষদ 2022 অর্থবছরে 100 মিলিয়ন মার্কিন ডলারের বেশি অনুদান প্রদান করবে। স্টেটজুড়ে NYSCA প্রদত্ত অনুদান এবং পুনঃঅনুদান প্রোগ্রামের মাধ্যমে পরিষদ ভিজুয়াল, সাহিত্য, মিডিয়া ও পারফর্মিং আর্টকে সমর্থন করে এবং শিল্পসংক্রান্ত শিক্ষা ও সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহের জন্য নিবেদিত সমর্থন প্রদান করে।

নিউ ইয়র্কের সৃজনশীল সংস্কৃতিকে আরও এগিয়ে নিয়ে যেতে আর্ট কাউন্সিল নেতৃত্বের জন্য আরও লোক নিয়োগ করে সাংগঠনিক ও পেশাদার উন্নয়নের পথ প্রশস্ত করে তথ্য সম্পদকে আরও সমৃদ্ধ করছে। NYSCA নিউ ইয়র্ক স্টেটের এক্সিকিউটিভ ব্রাঞ্চের একটি এজেন্সি যা 1960

সালে গভর্নর নেলসন রকফেলার তৈরি করেছিলেন এবং বর্তমানে তা গভর্নর হোকল ও নিউ ইয়র্ক স্টেট আইনসভার সমর্থনে সম্প্রসারিত হয়েছে। NYSCA সম্পর্কিত আরও তথ্যের জন্য, অনুগ্রহ করে দেখুন www.arts.ny.gov, এবং NYSCA এর Facebook পেজ, Twitter @NYSCArts এবং Instagram @NYSCouncilontheArts ফলো করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418